দৈনিক
জনকণ্ঠ

তারিখ · 17 · JAN 2003 ···
পৃষ্ঠা ··· ৪ ··· কলাম ··· ১ ··· ······

# ইবি শিক্ষক সমিতি নির্বাচনে জোট প্যানেলের জয়লাভ

ইবি সংবাদদাতা ॥ ইসলামী বিশ্ববিদ্যালয় শিক্ষক সমিতির নির্বাচনে জাতীয়তাবাদী ও ইসলামী মূল্যবোধে বিশ্বাসী আবুল কামাল-আলীনুর পরিষদ পূর্ণ প্যানেলে জয়লাভ করেছে। সভাপতি আবুল কালাম পাটওয়ারী সর্বোচ্চ ১১৭ ভোট পেয়ে নির্বাচিত হন। তাঁর নিকটতম প্রতিদ্বন্দ্বী বাঙালী জাতীয়তাবাদ ও মুক্তিযুদ্ধের চেতনায় বিশ্বাসী প্রফেসর এম. আলাউদ্দিন পেয়েছেন ৯১ ভোট। সেক্রেটারি ড. আলীনুর রহমান পেয়েছেন ১৩৫ ভোট। তাঁর প্রতিদ্বন্দ্বী ড. শওকত জাহাঙ্গীর পেয়েছেন ৭৩ ভোট। অন্যান্য বিজয়ী হলেন সহসভাপতি ড. মাখলুকুর রহমান, যুগ্ম সম্পাদক রইছ উদ্দিন, কোষাধ্যক্ষ ড. ইয়াকুব আলী। বিজয়ী সদস্যরা হলেন ড. আব্দুল লতিফ, ড. আব্দুল হান্নান শেখ, ড. আবম মুখলেছুর রহমান, ড. মিজানুর রহমান, ড. ছিদ্দিকুর রহমান আশ্রাফী, সেকেন্দার আলী, ড. জাকির হোসেন, মোঃ নজিবুল হক, হাছানাত আলী ও একেএম মতিনুর রহমান।